# বাপেক্স সাংস্কৃতিক ও ক্রীড়া পরিষদ (বাসাক্রীপ)
## নির্বাচন কমিশন-২০১৯

সূত্র নং- বাসাক্রীপ/২০১৯/৩ তারিখঃ ২২-০৯-২০১৯

## নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) এ কর্মরত সকল স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩১ অক্টোবর, ২০১৯ (১৬ কার্তিক, ১৪২৬ বাংলা), রোজ বৃহস্পতিবার বাপেক্স সাংস্কৃতিক ও ক্রীড়া পরিষদ (বাসাক্রীপ) এর সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। বাসাক্রীপ পরিষদের মেয়াদকাল ২ (দুই) বৎসর বিধায় পরিষদের সদস্য হতে হলে প্রার্থীর চাকুরীর মেয়াদকাল তফসীল ঘোষণার দিন হতে অবশ্যই ২(দুই) (পিআরএল সময়কাল ব্যতীত) বৎসরের অধিক হতে হবে। তবে পিআরএল ছুটি ভোগরত কর্মকর্তা/কর্মচারীগণ ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন (যদি ভোটার তালিকায় নাম লিপিবদ্ধ হয়ে থাকে)।

**২। কার্যকরী পরিষদের পদসমূহ এবং নির্বাচনের যাবতীয় নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলঃ**

২.১। কার্যকরী পরিষদের পদসমূহ ঃ

| ক্র: নং | পদ সমূহ | পদ সংখ্যা | পদ নির্ধারণ |
|---|---|---|---|
| ১. | সভাপতি | ০১ | কর্মকর্তাদের জন্য নির্ধারিত। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক মনোনীত হবেন। |
| ২. | সহ-সভাপতি | ০২ | (ক) ০১টি পদ কর্মকর্তাদের জন্য নির্ধারিত।<br>(খ) ০১টি পদ কর্মচারীদের জন্য নির্ধারিত। |
| ৩. | সাধারণ সম্পাদক | ০১ | কর্মচারীদের জন্য নির্ধারিত। |
| ৪. | সাংস্কৃতিক সম্পাদক | ০১ | কর্মকর্তাদের জন্য নির্ধারিত। |
| ৫. | ক্রীড়া সম্পাদক | ০১ | কর্মচারীদের জন্য নির্ধারিত। |
| ৬. | কোষাধ্যক্ষ | ০১ | কর্মচারীদের জন্য নির্ধারিত। |
| ৭. | সাধারণ সদস্য | ০৪ | (ক) ২টি পদ কর্মকর্তাদের জন্য নির্ধারিত।<br>(খ) ২টি পদ কর্মচারীদের জন্য নির্ধারিত। |

উপরোক্ত ১১ (এগার) টি পদের মধ্যে সভাপতি পদটি ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক মনোনীত হবেন এবং অবশিষ্ট ১০ (দশ)টি পদের মধ্যে ৪ (চার) টি পদে কর্মকর্তাদের মধ্য হতে এবং ৬ (ছয়) টি পদে কর্মচারীদের মধ্য হতে সাধারণ সদস্য/সদস্যাদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

৩। বাসাক্রীপের সাধারণ সদস্য ঃ

বাপেক্সে কর্মরত সকল স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীগণ বাসাক্রীপের সাধারণ সদস্য হিসেবে বিবেচিত হবেন এবং প্রশাসন বিভাগ কর্তৃক প্রণীত ভোটার তালিকা অনুসারে ভোট গ্রহণ করা হবে।

৪। মনোনয়ন পত্র সংগ্রহ ও দাখিল ঃ

৪.১। নির্বাচনে অংশ গ্রহণে ইচ্ছুক কর্মকর্তা ও কর্মচারীগণ আগামী ২৫ সেপ্টেম্বর, ২০১৯ (১০ আশ্বিন, ১৪২৬ বাংলা), রোজ বুধবার হতে ০৭ অক্টোবর, ২০১৯ (২২ আশ্বিন, ১৪২৬ বাংলা) , রোজ সোমবার পর্যন্ত সকল কার্যদিবসে (শুক্র ও শনিবার এবং সাধারণ ছুটির দিন ব্যতীত) প্রত্যহ সকাল ১০:৩০ ঘটিকা হতে বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে নির্বাচন কমিশনের আহবায়ক/সদস্য-সচিব এর নিকট হতে নগদ ১০০০.০০ (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) বিনিময় মূল্যে মনোনয়ন পত্র সংগ্রহ করা যাবে।

৪.২। মনোনয়ন পত্র আগামী ০৯ অক্টোবর, ২০১৯ (২৪ আশ্বিন, ১৪২৬ বাংলা), রোজ বুধবার বেলা ৩.০০ ঘটিকার মধ্যে নির্বাচন কমিশনের আহবায়ক এর নিকট দাখিল করতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত সময়ের পরে কোন মনোনয়ন পত্র গ্রহণ করা হবে না। ঢাকা ব্যতীত অন্যান্য কার্যালয়/স্থাপনা/প্রকল্পে যদি মনোনয়ন পত্র পাওয়া যায়,

তাহলে তা ০৯ অক্টোবর, ২০১৯ (২৪ আশ্বিন, ১৪২৬ বাংলা), রোজ বুধবার বেলা ৩:০০ ঘটিকার মধ্যে নির্বাচন কমিশনের বরাবরে পৌছাতে হবে।

৪.৩। একজন কর্মকর্তা/কর্মচারী ১ (এক) টি মাত্র পদের জন্য প্রার্থী হতে পারবেন। কোন পদে একাধিক প্রার্থী না থাকলে একমাত্র প্রতিদ্বন্দী প্রার্থী নির্বাচিত বলে গন্য হবেন ।

৪.৪। নির্বাচনে অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীর সমর্থক ও প্রস্তাবকারী উভয়ই নির্বাচনে পদপ্রার্থী হতে পারবেন না। প্রমাণিত হলে উভয়েরই (প্রস্তাবকারী ও সমর্থনকারী) মনোনয়ন পত্র কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে। তাছাড়া মনোনয়ন পত্রে কোন প্রকার কাঁটা-ছেড়া/over writting or white fluid ব্যবহার করা হলে মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে এবং এ ব্যাপারে কোন প্রকার আপত্তি করা যাবে না বা গ্রহণ করা হবে না। মনোনয়ন দাখিলের কার্যক্রম শেষ হলে পদের বিপরীতে দাখিলকৃত প্রার্থীগণের নাম লিখিতভাবে জানানো হবে।

৫। মনোনয়ন পত্র বাছাই ঃ

প্রাপ্ত মনোনয়ন পত্রসমূহ ১০ অক্টোবর, ২০১৯ (২৫ আশ্বিন, ১৪২৬ বাংলা), রোজ বৃহস্পতিবার, বেলা ১১:৩০ ঘটিকার সময় আহ্বায়ক, নির্বাচন কমিশন এর কক্ষে প্রার্থীগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) বাছাই করা হবে।

৬। মনোনয়ন পত্র প্রত্যাহার ঃ

যে সকল প্রার্থী তাদের মনোনয়ন পত্র প্রত্যাহার করতে ইচ্ছুক, তাঁরা আহবায়ক, নির্বাচন কমিশনের নিকট লিখিতভাবে আগামী ১৩ অক্টোবর, ২০১৯ (২৮ আশ্বিন, ১৪২৬ বাংলা), রোজ রবিবার বেলা ০২:০০ ঘটিকার মধ্যে প্রার্থী পদ প্রত্যাহারের আবেদন করতে পারবেন। ঢাকা ব্যতীত অন্যান্য কার্যালয়/স্থাপনা/প্রকল্পে যদি কেহ মনোনয়ন পত্র প্রত্যাহার করেন, তাহলে আগামী ১৩ অক্টোবর, ২০১৯ (২৮ আশ্বিন, ১৪২৬ বাংলা), রোজ রবিবার বেলা ০২:০০ ঘটিকার মধ্যে বাপেক্সের ফ্যাক্স বার্তা/ই-মেইল মারফত ঢাকাস্থ, নির্বাচন কমিশনার এর আহবায়ক-কে জানাবেন।

৭। প্রার্থীগণের চূড়ান্ত তালিকা প্রকাশ ঃ

প্রার্থীদের চূড়ান্ত তালিকা সকলের জ্ঞাতার্থে ১৫ অক্টোবর, ২০১৯ (৩০ আশ্বিন, ১৪২৬ বাংলা), রোজ মঙ্গলবার বেলা ০৩:০০ ঘটিকায় প্রকাশ করা হবে। ভোটার তালিকায় কোন কর্মকর্তা/কর্মচারীর নাম না পাওয়া গেলে প্রশাসন বিভাগ এর সাথে যোগাযোগ করে নির্বাচন কমিশনকে জানাতে হবে।

৮। প্রতীক বরাদ্দ ঃ

প্রার্থীগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) আগামী ১৭ অক্টোবর, ২০১৯ (০২ কার্তিক, ১৪২৬ বাংলা), রোজ বৃহস্পতিবার, বেলা ৩:০০ ঘটিকায় আহ্বায়ক, নির্বাচন কমিশন এর কক্ষে প্রতীক বরাদ্দ দেয়া হবে। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী থাকলে তা লটারীর মাধ্যমে মীমাংসা করা হবে।

৯। নির্বাচনী প্রচারনা ঃ

আগামী ২৯ অক্টোবর, ২০১৯ (১৪ কার্তিক , ১৪২৬ বাংলা) রোজ মঙ্গলবার বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত নির্বাচনী প্রচারনা পরিচালনা করা যাবে। তবে, ঢাকাস্থ বাপেক্স এর প্রধান কার্যালয় অর্থাৎ বাপেক্স ভবনের সৌন্দর্য রক্ষার্থে ভবনের ভিতরে নির্বাচনী পোষ্টার ও ব্যানার দেয়ালে লাগানো যাবে না, যা নির্বাচন বিধির পরিপন্থী মর্মে বিবেচিত হবে।

১০। ভোট কেন্দ্র ঃ

১০.১। ঢাকাস্থ সকল কার্যালয়ের ভোট গ্রহণের জন্য ৪ কাওরান বাজারস্থ বাপেক্স ভবনের ২য় তলায় কনফারেন্স রুম ঢাকার নির্বাচন কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে । আগামী ৩১ অক্টোবর, ২০১৯ (১৬ কার্তিক, ১৪২৬ বাংলা), রোজ বৃহস্পতিবার সকাল ৯:৩০ মিনিট হতে ভোট গ্রহণ শুরু হবে এবং বেলা ৩:৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ চলবে। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে কেন্দ্রে উপস্থিত ভোটারদের ভোট গ্রহণ শেষ না হলে ভোট গ্রহণ শেষ হওয়া পর্যন্ত চলতে থাকবে। অনিবার্য কারণবশত: ভোট কেন্দ্র পরিবর্তন করা হলে তা নির্ধারিত সময়ে জানানো হবে।

S.Hossain

১০.২। আঞ্চলিক কার্যালয় চট্টগ্রাম, সেমুতাং গ্যাসক্ষেত্র, শাহবাজপুর গ্যাস ক্ষেত্র, ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্র, শাহজাদ'পুর-সুন্দলপুর গ্যাস ক্ষেত্র, সালদা নদী গ্যাস ক্ষেত্র, বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্র ও নরসিংদী#১ ওয়ার্কওভার প্রকল্পে একটি করে ভোট কেন্দ্র থাকবে।

১০.৩। শ্রীকাইল গ্যাসক্ষেত্র, সালদানদী গ্যাসক্ষেত্র ও তিতাস#১৩ ওয়ার্কওভার প্রকল্পে ০১টি করে ভোট কেন্দ্র থাকবে। শ্রীকাইল ইস্ট#০১ খনন প্রকল্পে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীরা শ্রীকাইল গ্যাসক্ষেত্রে স্থাপিত ভোট কেন্দ্রে ভোট প্রদান করবে। কসবা # ১ খনন প্রকল্পে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীরা সালদানদী গ্যাসক্ষেত্রে স্থাপিত ভোট কেন্দ্রে ভোট প্রদান করবেন। এছাড়াও মাধবপুর রিগ বেইজে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীরা তিতাস#১৩ ওয়ার্কওভার প্রকল্পের কেন্দ্রে ভোট প্রদান করবে। সেমুতাং গ্যাসক্ষেত্র এলাকায় স্থাপিত ভোট কেন্দ্রে ঐ এলাকায় চলমান ৩ডি সাইসমিক পার্টিতে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীরা ভোট প্রদান করবে।

১০.৪। এছাড়াও ভূকম্পণ দল এবং ভূ তাত্ত্বিক দল (জরিপ দল সমূহ নির্বাচনের সময় ঢাকার বাহিরে থাকিলে) সমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীরা সংশ্লিষ্ট জরিপ দলের প্রধানগণ নির্বাচন কমিশনের সাথে আলোচনা করে ভোট প্রদানের ব্যবস্থা করবেন।

১০.৫। কর্মকর্তা ও কর্মচারীদের অবস্থানের প্রেক্ষিতে ভোট কেন্দ্রের স্থান পরিবর্তন হতে পারে।

১১। <u>অগ্রিম ভোট</u> ঃ

কোন ভোটার যদি নির্বাচনের দিন ছুটিতে অথবা অফডে-তে অথবা বিদেশে প্রশিক্ষণে থাকার সম্ভাবনা থাকে তাহলে তিনি ছুটিতে অথবা অফডে-তে অথবা বিদেশ যাওয়ার পূর্বে ঢাকাস্থ প্রধান কার্যালয়ের নির্বাচন কমিশনের নিকট উপযুক্ত কারণ দেখিয়ে দরখাস্তের মাধ্যমে ব্যালট পেপার সংগ্রহপূর্বক গোপনীয়তা বজায় রেখে অগ্রীম ভোট প্রদান করতে পারবেন। তবে নির্বাচনের দিন ভোট গ্রহণের নির্ধারিত সময় শেষ হওয়ার পর কোন অগ্রীম ভোট পাওয়া গেলে তা গ্রহণ করা হবে না।

১২। <u>ভোট গণনা</u> ঃ

ভোট গ্রহণ শেষ হওয়ার পরেই উপস্থিত প্রার্থীগণের/প্রার্থীর প্রতিনিধিগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) ভোট গণনা শুরু হবে এবং আন্তঃকালীন (প্রাথমিক) ফলাফল প্রকাশ করা হবে। যদি নির্বাচনের দিন সম্পূর্ণ ফলাফল প্রকাশ করা সম্ভব না হয়, তাহলে পরবর্তী কার্য দিবসে প্রাথমিক ফলাফল প্রকাশ অব্যাহত থাকবে। বিভিন্ন কেন্দ্র হতে লিখিত ভাবে ফলাফল প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে চুড়ান্ত ফলাফল ঘোষণা করা হবে।

১৩। <u>বিভিন্ন স্থাপনা হতে ঢাকায় ফলাফল প্রেরণ</u> ঃ

নির্বাচন কমিশন কর্তৃক মনোনীত ভোট গ্রহণকারী কর্মকর্তা ভোট গ্রহণ শেষে (নির্ধারিত সময়ে) ভোট গণনা করবেন এবং ফলাফল প্রস্তুত করে স্বাক্ষর প্রদান পূর্বক তাৎক্ষণিকভাবে সরাসরি ই-মেইল/ফ্যাক্স/বাহকের মাধ্যমে আহবায়ক/সদস্য-সচিব, নির্বাচন কমিশন এর নিকট পৌঁছাতে হবে এবং পরবর্তী তিন দিনের মধ্যে ফলাফল লিখিতভাবে ব্যালট পেপারসহ আহবায়ক, নির্বাচন কমিশন এর নিকট পৌঁছানোর ব্যবস্থা করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত ভোটের ফলাফল নির্বাচন কমিশনের নিকট প্রেরণ করতে না পারলে সংশ্লিষ্ট ভোট গ্রহণকারী কর্মকর্তা দায়বদ্ধ থাকবে।

১৪। <u>ভোট দেওয়ার পদ্ধতি</u> ঃ

ব্যালট পেপারে প্রার্থীর প্রতীক/নামের বিপরীতে খালি জায়গায় অংকিত ☑ চিহ্ন দিয়ে ভোট দান করতঃ ভাঁজ করে ব্যালট পেপারটি কেন্দ্রে রক্ষিত ব্যালট বাক্সে রাখতে হবে। উল্লেখ্য যে, ভোট কেন্দ্রে স্থাপিত বুথে মোবাইল ফোন, ক্যামেরা ও যে কোন ধরণের ইলেকট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।

১৫। <u>ভোটার তালিকা সংগ্রহ</u> ঃ

চূড়ান্ত প্রার্থীদের তালিকা ঘোষণার পর যে কোন প্রার্থী ২০০.০০ (দুইশত) টাকা মূল্যে এক কপি ভোটার তালিকা নির্বাচন কমিশনের আহবায়ক/সদস্য-সচিব এর নিকট হতে সংগ্রহ করতে পারবেন।

১৬। <u>বাপেক্সের বিভিন্ন স্থাপনায় নির্বাচন পরিচালনা প্রসঙ্গে</u> ঃ

অনুচ্ছেদ ১০.২ ও ১০.৩ এ উল্লেখিত ভোট কেন্দ্রসমূহের ভোট নির্বাচন কমিশন কর্তৃক মনোনীত কর্মকর্তা গ্রহণ করবেন। সে ক্ষেত্রে স্ব-স্ব স্থাপনা প্রধান ভোট গ্রহণকারী কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদান করবেন।

S. Hossain

১৭। নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে ব্যাখ্যার প্রয়োজন হলে অথবা নির্বাচন সংক্রান্ত যে কোন জরুরী প্রয়োজনে যে কেহ আহবায়ক/সদস্য-সচিব নির্বাচন কমিশন, ঢাকা এর সহিত যোগাযোগ করতে পারবেন।

১৮। যে কোন অপ্রত্যাশিত/অনাকাঙ্খিত কারণে নির্বাচন সংক্রান্ত সময়সূচীতে পরিবর্তনসহ নির্বাচন সংক্রান্ত সর্ববিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২২/৯/১৯
(এ কে এম মোস্তফা হাসান)
উপব্যবস্থাপক (প্রশাসন)
ও
সদস্য-সচিব, নির্বাচন কমিশন-২০১৯

S. Hossain 22/9/2019
(মোছাঃ শাহনাজ হোসেন)
ব্যবস্থাপক (পরীক্ষাগার)
ও
সদস্য, নির্বাচন কমিশন-২০১৯

২২/৯/১৯
(মোহাম্মদ কামরুজ্জামান)
উপ-মহাব্যবস্থাপক (ফিল্ড ম্যানেজমেন্ট)
ও
সদস্য, নির্বাচন কমিশন-২০১৯

২২/০৯/১৯
(এস এম সোনাউল্লাহ)
উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা)
ও
আহবায়ক, নির্বাচন কমিশন-২০১৯

বিতরণ :

১। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।
২। সকল বিভাগ/উপবিভাগ/প্রকল্প প্রধান ------------------------ বাপেক্স, ঢাকা।
৩। খনন প্রকল্প/রিগ বেইজ/দল প্রধান, -------------------------------------।
৪। উপমহাব্যবস্থাপক (আইসিটি), বাপেক্স, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। সভাপতি/সাধারণ সম্পাদক, বাপেক্স অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন।
৬। সভাপতি/সাধারণ সম্পাদক, কর্মচারী ইউনিয়ন নং--------------------------।
৭। সভাপতি/সাধারণ সম্পাদক, বাসাক্রীপ, বাপেক্স, ঢাকা।
৮। নোটিশ বোর্ড।

**বিঃ দ্রঃ- সকল কর্মকর্তা ও কর্মচারীদেরকে অবহিত করনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।**

নির্বাচন কমিশনের সাথে যোগাযোগের মাধ্যম ঃ

(১) মোবাইল নম্বর ঃ ০১৭৭৭-৭৬৪৮৪৭ (আহবায়ক, নির্বাচন কমিশন)।
ঃ ০১৭৫৫৫৩২৬৮৬ (সদস্য-সচিব, নির্বাচন কমিশন)।

(২) ই-মেইল ঃ auditbapex@gmail.com